

স্বদেশী সমাজ - রবীন্দ্রনাথ ঠাকুর

১) স্বদেশী সমাজ প্রবন্ধটি কোন প্রবন্ধ গ্রন্থ থেকে নেওয়া?

উঃ আত্মশক্তি।

২) গ্রামীণ জীবনে বাইরের জগৎ ও জীবনের সঙ্গে সংযোগ স্থাপন করার জন্য কোন উৎসবকে রবীন্দ্রনাথ চিহ্নিত করেছেন?

উঃ মেলা।

৩) রবীন্দ্রনাথের মতে মেলাকে বৃহত্তর ভাবের প্রসারের পথে এগিয়ে নিয়ে যেতে পারে কারা?

উঃ শিক্ষিত সমাজ।

৪) স্বদেশের কোন কোন সমস্যার সমাধান চেয়েছেন রবীন্দ্রনাথ?

উঃ বিদ্যালয়, পথঘাট, জলাশয়, গোচরভূমি ইত্যাদি।

৫) মেলায় বায়োস্কোপ, ম্যাজিক, ব্যায়াম, ভোজবাজি ইত্যাদি মনোরঞ্জনের জন্য যে অর্থ ব্যয় হবে তা কিভাবে উঠে আসবে?

উঃ জমিদারকে নির্দিষ্ট পরিমাণ খাজনা দিয়ে দোকানদারদের কাছ থেকে বিক্রয়ের লভ্যাংশ সংগ্রহ করে।

৬) প্রত্যেক মেলার জন্য কাকে একটি বিশেষ খাজনা ধরে দেওয়া উচিত?

উঃ জমিদারকে।

৭) গ্রামীণ জীবনের বিনোদন কি?

উঃ বায়োস্কোপ, যাত্রাপালা, মেলা ইত্যাদি।

৮) কথকতা কি?

উঃ একটি গ্রামীণ বিনোদন মাধ্যম।

৯) কেন পল্লীর মেলা ও যাত্রা অনুষ্ঠানগুলি লুপ্ত হয়ে চলেছিল?

উঃ এগুলির পৃষ্ঠপোষক মূলত জমিদাররা। তারা শহরে সংস্কৃতির প্রতি আকৃষ্ট হয়ে পড়েছেন।

১০) মেলার যাত্রা, কীর্তন, কথকতা দ্বারা কি হয়?

উঃ বিনোদন ছাড়াও লোকশিক্ষা হয়।

১১) বঙ্গদেশের অনেক জমিদার ব্যক্তিগত ক্রিয়াকর্ম উপলক্ষে কাদের থেকে চাঁদা আদায় করেন?

উঃ প্রজাদের থেকে।

১২) আনন্দ উৎসবের আয়োজন না থাকলে কি ঘটবে?

উঃ মানুষের মনোভূমি ক্রমশ শুষ্ক হয়ে পড়বে।

১৩) বঙ্গদেশের ধর্মের নামে প্রচলিত মেলাগুলির মাধ্যমে কি করা হতো?
উঃ ধর্ম শিক্ষা ও নীতি শিক্ষা প্রদান।

১৪) ধর্মীয় মেলাগুলির উপকারিতা কোথায়?
উঃ গ্রামীণ লোকশিক্ষার উৎস।

১৫) প্রবন্ধ অনুসারে সমাজ অধিপতির নেতৃত্বে কিসের বিরুদ্ধে আন্দোলন সম্ভব হবে?
উঃ অশিক্ষা ও অনৈক্য।

১৬) কিসের জন্য সমাজের প্রতিটি ব্যক্তির কিছু উৎসর্গ করা উচিত?
উঃ স্বদেশের জন্য।

১৭) বঙ্গদেশ খণ্ডিত হলে তার কোন শক্তি খণ্ডিত হয়ে যায়?
উঃ ঐক্যশক্তি।

১৮) সমাজপতির উচ্চ মর্যাদায় প্রতিষ্ঠিত বোঝাতে কোন উপমার ব্যবহার করেছেন
রবীন্দ্রনাথ?
উঃ স্বর্ণ কলসের উপমা।

১৯) আমাদের দেশে সামান্য উপলক্ষে কি সমস্যা জেগে ওঠে?
উঃ হিন্দু ও মুসলমানের বিরোধ।

২০) আগামী সময়ের সুন্দর ভারতবর্ষ গড়ে তোলার প্রথম ধাপ কোনটি?
উঃ গ্রামীণ স্তর থেকে মানুষের উন্নতি সাধন।